

খুলেছে পলিটেকনিক, পরীক্ষা বর্জনের ঘোষণা শিক্ষার্থীদের



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৯ মে ২০২৫ | ০১:০৯ | আপডেট: ০৯ মে ২০২৫ | ০৭:৩০



শিক্ষকদের অনুরোধে শাটডাউন কর্মসূচি শিথিল করেছেন পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা। তারা ইনস্টিটিউটে লাগানো তালা খুলে দিয়ে ক্লাসে ফেরার ঘোষণা দিয়েছেন। বৃহস্পতিবার বেলা ১১টায় দেশের সব পলিটেকনিক ইনস্টিটিউট খুলে দেওয়া হয়। তবে দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা বর্জন করার ঘোষণা দিয়েছেন।

এর আগে বুধবার আইডিইবির উদ্যোগে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে যৌথ বৈঠক হয়। এতে শিক্ষক ও আইডিইবি প্রতিনিধি দলের সদস্যরা শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে ফেরার আহ্বান জানান। কারিগরি ছাত্র আন্দোলন শাটডাউন কর্মসূচি সাময়িকভাবে শিথিল করার ঘোষণা দেওয়া হয়।

আন্দোলনকারীদের পক্ষ থেকে গণমাধ্যমে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়, ‘কারিগরি শিক্ষা সপ্তাহে’ শিক্ষক সমাজের আন্তরিকতা ও সম্মানের প্রতি শ্রদ্ধা জানিয়ে শাটডাউন কর্মসূচি শিথিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৮ মে থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত পলিটেকনিক ইনস্টিটিউটের ক্লাস কার্যক্রম চালু থাকবে।

তবে দীর্ঘদিন ধরে দাবি করা ছয় দফা দাবি বাস্তবায়নে কোনো দৃশ্যমান অগ্রগতি না হলে আন্দোলন আরও জোরালোভাবে শুরু হবে বলে হুঁশিয়ার করেছেন পলিটেকনিক শিক্ষার্থীরা।

ছয় দফা দাবিতে কয়েক মাস ধরে ধারাবাহিক কর্মসূচি পালন করছেন পলিটেকনিক শিক্ষার্থীরা। টানা কর্মসূচির মধ্যেও কয়েক দফায় শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন তারা।